



## 12366 - 'ঈদুল আবরার' নামক বদিত

### প্রশ্ন

প্রশ্ন: প্রতি বছর শাওয়াল মাসে 'ঈদুল আবরার' নামে যে ঈদ পালন করা হয় এর হুকুম কী?

### প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

শাওয়াল মাসে যে বদিতগুলো সংঘটিত হয়ে থাকে এর মধ্যে রয়েছে- 'ঈদুল আবরার' নামক বদিত। যা শাওয়াল মাসের ৮ তারিখে ঘটে থাকে। লোকেরা রমযান মাসের রোযা রাখার পর শাওয়াল মাসের ১ তারিখে ঈদুল ফতিরের দিন রোযা ভাঙে। এরপর শাওয়ালের ছয় রোযা রাখা শুরু করে এবং ৮ তারিখে ঈদ উদযাপন করে। এ ঈদকে তারা 'ঈদুল আবরার' আখ্যায়িত করে থাকে।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া (রহঃ) বলেন: “শরিয়ত প্রদত্ত নয় এমন কোন মতীসুম গ্রহণ করা বদিতের অন্তর্ভুক্ত, যটোকে সলফে সালহেহি মুস্তাহাব জানতেন না এবং তা তারা পালন করতেন না। যমেন- রবউল আউয়াল মাসের কোন একটা রাত; যে রাতকে মলিদুনবীর রাত বলা হয়, রজবের কোন একটা রাত, যলিহজ্জ মাসের ৮ তারিখ, রজব মাসের প্রথম জুমাবার ও শাওয়াল মাসের ৮ তারিখ; যে দিনকে মূর্খ লোকেরা 'ঈদুল আবরার' বলে থাকে। আল্লাহ সুবহানাহু তায়ালা ভাল জানেন। [শাইখুল ইসলাম এর 'মাজমুউল ফাতওয়া' (২৫/২৯৮)]

তনি আরও বলেন: “শাওয়াল মাসের ৮ তারিখ নকেকারদের ঈদও নয়; বদকারদের ঈদও নয়। কোন ব্যক্তির জন্য এ দিনকে ঈদ বিশ্বাস করা এবং এ দিনে ঈদের কোন আলামত জাহির করা জায়যে হবে না।” [আল-ইখতিয়ারাত আল-ফকিহিয়া, পৃষ্ঠা-১৯৯]

এই ঈদ কোন একটা নামকরা মসজিদে উদযাপনের আয়োজন করা হয়। সেখানে নারী-পুরুষের অবাধ সংমিশ্রণ ঘটে। তারা একে অপরকে সাথে মুসাফাহা করে। মুসাফাহাকালে কিছু জাহলি কথাবার্তা উচ্চারণ করে। এরপর তারা এ উপলক্ষ্যে বিশেষ কিছু খাবার-দাবার প্রস্তুত করতে চলে যায়। [শুকাইরির লিখিত 'আস-সুনান ওয়াল মুবতাদাতাত, পৃষ্ঠা-১৬৬]